

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ**

ঢাকা দক্ষিণ নগর ভবন ১৪তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০  
ওয়েব সাইট: [www.dtca.gov.bd](http://www.dtca.gov.bd)

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)'র ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল এর কর্ম-পরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার/উত্তমচর্চা বিষয়ে অংশীজনের সাথে মতবিনিময় সভার কার্যবিবরণী:


সভাপতি : খন্দকার রাকিবুর রহমান, নির্বাহী পরিচালক, ডিটিসিএ  
তারিখ : ১৬ মার্চ ২০২১খ্রি.  
সময় : সকাল ১১:০০ ঘটিকা  
স্থান : সম্মেলন কক্ষ, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)  
উপস্থিতি তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি বর্তমান করোনা পরিস্থিতিতে ডিটিসিএ তে আসার জন্য উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি), ডিটিসিএ জানান, ডিটিসিএ জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং উত্তম চর্চা অনুশীলন করে যাচ্ছে। ডিটিসিএ'র ২০২০-২০২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা কার্যক্রমের মধ্যে উল্লেখযোগ্য হলো: নৈতিকতা কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান; উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ; সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (Stakeholders) সভা; কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে সুশাসন ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ; পরিচ্ছন্নতা ও অফিস পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্য সচেতনতা, সরকারি কর্মচারী আইন-২০১৮, নির্ধারিত ছুটি বিধিমালা-১৯৭৯, নৈতিকতা ও অফিস শিষ্টাচার, জাতীয় শুদ্ধাচার কৌশল ও সুশাসন, বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি, তথ্য অধিকার সংক্রান্ত, এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন; স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ; নিয়মিত গণশুনানী অনুষ্ঠান ইত্যাদি। ২০১৯-২০২০ অর্থ-বছরে শুদ্ধাচার চর্চার জন্য এ বিভাগের ০২ জন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।

২। শুদ্ধাচার/উত্তমচর্চা বিষয়ে আলোচ্য বিষয়াদি সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ১। প্রকল্পের তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে।
- ২। ট্রাফিক আইন-কানুন সম্পর্কে সচেতনতার বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে সভা/সেমিনার আয়োজন করতে হবে।
- ৩। করোনা ভাইরাস প্রাদুর্ভাব রোধকল্পে/ ট্রাফিক আইন-কানুন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভিডিও চিত্র/লিফলেট বিতরণ করতে হবে।
- ৪। সামাজিক যোগাযোগের মাধ্যমে গণপরিবহনে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভিডিও চিত্র/বিজ্ঞপ্তি প্রকাশ।
- ৫। গণপরিবহন সম্পর্কিত বিভিন্ন বিষয়ে সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করতে হবে।

অতপর: সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
খন্দকার রাকিবুর রহমান  
নির্বাহী পরিচালক  
ফোন: ৯৫৬২৬৮৬

বিতরণ: (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(দৃ: আ: জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব, রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা )
- ২। অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি/ম্যাস ট্রানজিট/ টিএমপিটিআই), ডিটিসিএ
- ৩। পরিচালক (প্রশাসন), ডিটিসিএ
- ৪। ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার, ডিটিসিএ
- ৫। ট্রেনিং এডভাইজার, ডিটিসিএ
- ৬। ট্রাফিক ইঞ্জিনিয়ার, ডিটিসিএ
- ৭। ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ডিটিসিএ
- ৮। আরবান প্লানার, ডিটিসিএ
- ৯। হিসাব ও অর্থ কর্মকর্তা, ডিটিসিএ
- ১০। পলিউশন কন্ট্রোল প্লানিং অফিসার, ডিটিসিএ
- ১১। প্রোগ্রামার, ডিটিসিএ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। সকল কর্মকর্তা, ডিটিসিএ
- ১৩। নির্বাহী পরিচালক এর একান্ত সচিব, ডিটিসিএ (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৪। অফিস/মাস্টার কপি।